মেহেরপুর পৌরসভা

মেহেরপুর।

'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক অতিরিক্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে অদ্য ২৪/০৫/২০২১ ইং তারিখ রোজ রবিবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভার কাঁলাচাদ সভাকক্ষে পৌরসভার 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন' বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ১, ২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা মোছাঃ আলপনা খাতুন।

সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষর পরিশিষ্ঠ "ক" তে দেখানো হল।

আলোচ্য সূচী:

১. বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২. UGIIP-III প্রকল্পের আওতায় ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের ২য় পর্যায়ের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।	সভায় সভাপতি মহোদয় মোছাঃ আলপনা খাতুন আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৫/০৪/২০২১ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল
UGIIP-III প্রকল্পের আওতায় ৬টি বস্তিতে ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের ২য় পর্যায়ের কাজের অগ্রগতি নিয়ে আলোচনা।	সভাপতি মহোদয় সভায় জানান, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কার্যক্রমের উপর মেহেরপুর পৌরসভায় UGIIP-III প্রকল্পের আওতায় ভৌত অবকাঠামো উন্নয়ন কাজের ২য় পর্যায়ের কাজ চলমান রয়েছে। ইতি মধ্যে সকল বস্তির রাস্তা ও ড্রেনের কাজ শেষ হয়েছে। ৬টি বস্তির ষ্টিট লাইট ও ৪৪ টি টিউবওয়েলের কাজ শেষ হয়েছে। সভাপতি মহোদয় এই কার্যক্রমের সর্বশেষ অবস্থা জানানোর জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন। বস্তি উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২য় পর্যায়ের কাজ ডিসেম্বর'২০২০ এ শুরু হয়ে এখন পর্যন্ত ফুটপাথ, ড্রেন, ১৪টি ষ্টিট লাইট ও ৪৪টি গভীর নলকূপ বসানো সম্পন্ন হয়েছে। এছাড়া হটাৎ পাড়া বস্তিতে ০২ টি ওঅন্যান্য বস্তিতে ১০টি করে মোট ৫২টি পায়খানার কাজ চলমান রয়েছে। এই ৫২টি পায়খানার কাজও ৮০ শতাংশ সম্পন্ন	দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ও বস্তি উন্নয়ন কর্মকর্তা।

	হয়েছে। এছাড়া আরোও ৩০টি পায়খানার কাজ শুরু করার প্রস্তুতি চলছে। বস্তি উন্নয়নের কাজ যাতে দ্রুত শেষ করা যায় সেদিকে নজর দিয়ে কাজ করা হচ্ছে। প্রাকৃতিক কোন সমস্যা না হলে আগামী একমাসের মধ্যে ২য় কিস্তির কাজ শেষ হবে বলে আশা করা যায়। মেয়র মহোদয় সভায় বলেন, আমরা ২য় পর্যায়ের কাজ অতি দ্রুত সম্পন্ন করে এর বিল ভাউচার এবং কাজের এমবি প্রস্তুত করতে হবে। কারণ এই কাগজ পত্র পিডি অফিসে প্রেরণ করে ৩য় কিস্তির অর্থ আনতে হবে। তিনি এ ব্যাপারে অতিদ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেন।	
বিবিধ	জনাব মোছাঃ শিউলী খাতুন কাউন্সিলর ৪,৫ও ৬ নং ওয়ার্ড (সংরক্ষিত) সভায় বলেন, বস্তি উন্নয়ন কাজের মধ্যে যে পায়খানা গুলি হচ্ছে তা CAP অনুযায়ী করার কথা। কিন্তু যখন CAP করা হয় তখন অনেকের পায়খানা না থাকলেও দির্ঘ্য প্রায় ৫ বছরের মধ্যে অনেকেই তার বাড়িতে পায়খানা করেছেন। আবার অনেকেই CAP এর মধ্যে না থকলেও তার বাড়িতে কোন পায়খানা নেই। এমতাবস্থায় সম্পুর্ণরুপে CAP অনুসরণ না করে বাস্তবতার উপর নিভর করে পায়খানা গুলি করলে ভালো হয়। তিনি বিষয়টি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। মেয়র মহোদয় সভায় বলেন, অবশ্যই CAP এবং বাস্তবতা দুটোই প্রধান্য দিতে হবে। যদি কারোর বাড়িতে স্বাস্থ্যসম্মত পায়খানা থাকে অথবা তার যদিস্বাস্থ্যসম্মত পায়খানা করার সামথ্য থাকে তাহলে অবশ্য তাকে বাদ দিয়ে যার বাড়িতে পায়খানা নেই এবং স্বাস্থ্যসম্মত পায়খানা করার সামথ্যও নেই তার বাড়িতে পায়খানা দিতে হবে। আবার একটি পায়খানা অন্তত ৩টি পরিবার ব্যবহার করতে পারে সেদিকেও খেয়াল রাখতে হবে। তিনি এব্যাপারে সকলের সতর্ক থাকতে বলেন।	মেয়র, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন কমিটি।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ আলপনা খাতুন)
কাউন্সিলর ১, ২ ও ৯ নং ওয়ার্ড (সংরক্ষিত)
ও সভাপতি
দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ" (সেক্টর) প্রকল্প।
২. ...., সদস্য, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি ।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক' অতিরিক্ত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৪/০৫/২০২১ ইং

সভার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভাকক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাব মোছাঃ শিউলী খাতুন	কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড,(সংরক্ষিত)মেহেরপুর পৌরসভা	
৩	জনাব হামিদা	মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।	
৪	জনাব মোঃ আল মামুন	কাউন্সিলর, ০২ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব মোঃ হারুন-উর-রশীদ	নির্বাহী প্রকৌশলী, মেহেরপুর পৌরসভা	
৬	হোসনে আরা	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
৭	মাসুদ শেখ	দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি	
৮	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	
৯			
১০			